

প্রথম আলো

উত্তরা ইউনিভার্সিটিতে রিসার্চ অ্যান্ড পাবলিকেশন
অ্যাওয়ার্ড অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

ঢাকা

প্রকাশ: ১৯ মে ২০২৪, ১৬: ১৩

Source: প্রথম আলো



গবেষণা ও প্রকাশনায় বিশেষ অবদানের জন্য উত্তরা ইউনিভার্সিটির ৪০ শিক্ষক ও ৮ শিক্ষার্থী পেয়েছেন 'রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড-২০২৩'। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) পূর্ণকালীন সদস্য অধ্যাপক বিশ্বজিৎ চন্দ; বিশেষ অতিথি ছিলেন মো. ওমর ফারুক, পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)।

গতকাল শনিবার বেলা তিনটায় রাজধানীর উত্তরায় বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের মাল্টিপারপাস হলে সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ট্রেনিং (সিআরটি) এ অ্যাওয়ার্ড অনুষ্ঠানের আয়োজন করে। এ সময় বিভিন্ন অনুষদের শীর্ষ ৪০ জন শিক্ষক ও ৮ শিক্ষার্থীকে রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড ২০২৩ দেওয়া হয়। ওয়েব অব সায়েন্স, স্কোপাস ইন্ডেক্স জার্নাল, ইউইউ জার্নালসহ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের জার্নালে তাঁদের গবেষণাপত্র প্রকাশিত হওয়ায় সম্মানস্বরূপ এ অ্যাওয়ার্ড দেওয়া হয়।

রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড-২০২৩ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিভার্সিটির উপাচার্য ইয়াসমীন আরা লেখা। রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড-২০২৩-এ স্বাগত বক্তব্য দেন উত্তরা ইউনিভার্সিটির স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ডিন ও সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ট্রেনিং (সিআরটি)-এর পরিচালক মো. মিজানুর রহমান।

এ সময় আরও উপস্থিত ছিলেন ফিনটেক রিসার্চ গ্রুপের পরিচালক আবিদ আজিজ, উত্তরা ইউনিভার্সিটির সহ-উপাচার্য গৌর গোবিন্দ গোস্বামী, রেজিস্ট্রার, সব ডিন, চেয়ারম্যান, অধ্যাপক, সহযোগী অধ্যাপকসহ অন্য শিক্ষকেরা। বিজ্ঞপ্তি